তারিখ: 22 DEC 2015
পৃষ্ঠা: ৭-৮ কলাম: ২

যুগান্তর

# ঢাবি শিক্ষকের বিরুদ্ধে ছাত্র হয়রানির অভিযোগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) এক শিক্ষকের বিরুদ্ধে হয়রানির অভিযোগ এনেছেন এক ছাত্র। রোববার তিনি এ বিষয়ে ব্যবস্থা নিতে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এম আমজাদ আলী বরাবর একটি লিখিত অভিযোগ করেন। ভুক্তভোগী শিক্ষার্থীর নাম মো. আবু তালহা। তিনি বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থী ও সলিমুল্লাহ মুসলিম হলের আবাসিক ছাত্র। ১৬ ডিসেম্বর বিজয় দিবসে জাতীয় স্মৃতিসৌধে যাওয়ার সময় তাকে বিশ্ববিদ্যালয়ের স্যার এএফ রহমান হলের আবাসিক শিক্ষক মো. হেলাল উদ্দিনের অশোভন আচরণের শিকার হয়েছেন বলে জানান।

অভিযোগপত্রে ওই ছাত্র উল্লেখ করেন, সময়মতো উপস্থিত হতে না পেরে তিনি হলের (এসএম হল) নির্ধারিত বাস মিস করেন এবং স্যার এএফ রহমান হলের বাসে উঠেন। পথিমধ্যে শিক্ষক হেলাল উদ্দিন বাসে অন্য হলের কেউ আছে কিনা জানতে চান। তখন তালহা স্বেচ্ছায় নিজেকে এসএম হলের শিক্ষার্থী বলে পরিচয় দেন এবং আইডি কার্ড দেখান। এ সময় ওই শিক্ষক তালহাকে ভুয়া আইডি কার্ডধারী বলেন এবং তার কাছে বোমা আছে কিনা জিজ্ঞেস করেন। একপর্যায়ে ওই ছাত্রকে জোর করে বাস থেকে হেমায়েতপুরে নামিয়ে দেন। এ সময় তালহা বাসের ভেতর তার ব্যাগ আছে বললে তিনি বলেন, 'ব্যাগের মধ্যে বোমা আছে কিনা চেক করে তোমাকে দেয়া হবে। তুমি নিচে থাকো।' শেষ পর্যন্ত ওই ছাত্রের আইডি কার্ডও ফেরত দেননি শিক্ষক হেলাল উদ্দিন।

এ বিষয়ে জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এম আমজাদ আলী যুগান্তরকে বলেন, ওই ছাত্রের অভিযোগ আমি পেয়েছি। একজন শিক্ষক হিসেবে হেলাল উদ্দিনের এমন আচরণ করা ঠিক হয়নি। বিভাগের বা হলের না হলেও সবাই বিশ্ববিদ্যালয়ের ছাত্র। তাই একজন শিক্ষককে সে রকম আচরণই করা উচিত। বিষয়টি অত্যন্ত দুঃখজনক। তবে যেহেতু তিনি একজন শিক্ষক তার বিষয়টি আমি দেখতে পারি না। এটা ভিসি দেখবেন। তাই আমি তাকে ভিসি বরাবর অভিযোগ করতে বলেছি।

# রাজধানীতে ফেনসিডিল ও আগ্নেয়াস্ত্র উদ্ধার গ্রেফতার ৫

যুগান্তর রিপোর্ট

রাজধানীতে পৃথক অভিযানে দুই ডাকাত সদস্য ও এক সন্ত্রাসীকে গ্রেফতার করা হয়েছে। এছাড়া এক হাজার দু'শ বোতল ফেনসিডিলসহ ২ মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। জানা যায়, রোববার রাতে ইউসুফ কাজী ও রুবেল নামে দু'জনকে গ্রেফতার করে খিলগাঁও থানা পুলিশ। পুলিশ বলছে, তারা ডাকাত দলের সদস্য। তাদের কাছ থেকে ১টি ওয়্যারলেস সেট, ১টি ডিবি লেখা জ্যাকেট, ১ জোড়া হ্যান্ডকাফ, ১টি চাপাতি ও ১টি সাদা রঙের এক্স করোলা প্রাইভেট কার উদ্ধার করা হয়। রোববার শ্যামপুর থানা পুলিশ রফিকুল ইসলাম নামে এক অস্ত্রধারী সন্ত্রাসীকে গ্রেফতার করেছে। তার কাছ থেকে একটি বিদেশী পিস্তল উদ্ধার করা হয়েছে। এদিকে রমনা এলাকা থেকে রোববার রাতে এক হাজার দু'শ বোতল ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে ডিবি পুলিশ। গ্রেফতারকৃতরা হল— আনারুল ইসলাম ও কেতাব আলী।